



স্মারক নং: না.প ১০/২০২০-১৫৯

৪ কার্তিক ১৪২৭

২০অক্টোবর ২০২০

বরাবর,
ফজলে কবির
গভর্ণর, বাংলাদেশ ব্যাংক।

**বিষয়: চলমান কোভিড-১৯ দুর্যোগে প্রগোদনা প্যাকেজ গ্রহণকারী তৈরি পোশাকশিল্প কারখানার তালিকা
প্রসঙ্গে।**

জনাব,

চলমান কোভিড-১৯ দুর্যোগে বাংলাদেশ ব্যাংক কর্তৃক তৈরি পোশাক শ্রমিকদের বেতন-ভাতা প্রদানের লক্ষ্যে
রফতানীমুখী মালিকদের সুদমুক্ত ঝণ হিসেবে প্রগোদনা প্যাকেজটি সরকারের একটি প্রশংসনীয় উদ্যোগ এবং এটা
তৈরি পোশাকশিল্পে একটি ইতিবাচক প্রভাব ফেলেছে।

“সজাগ” কোয়ালিশন ব্লাস্ট, ক্রিচিয়ান এইড এবং নারীপক্ষ এর একটি সম্মিলিত উদ্যোগ যারা সেপ্টেম্বর ২০১৭
থেকে পোশাকশিল্পে কর্মরত নারীর উপর সহিংসতা প্রতিরোধ নিয়ে কাজ করছে। এরই ধারাবাহিকতায় FORGE এর
আর্থিক সহায়তায় সজাগ কোয়ালিশন সম্প্রতি “Demanding accountability of the corporate actors to
ensure the labour and human rights of workers impacted by COVID19 driven economic
crisis” নামক প্রকল্পটি গ্রহণ করেছে যা ২০২০ সালের অক্টোবর থেকে কাজ শুরু করেছে। প্রকল্পটি সাভার,
গাজীপুর সদর এবং কালিয়াকৈর উপজেলায় বাস্তবায় করা হচ্ছে।

প্রকল্পের মূল লক্ষ্য তৈরি পোশাক শ্রমিকদের জীবন ও জীবিকার ক্ষেত্রে প্রগোদনা প্যাকেজের প্রভাব চিহ্নিত করা,
প্রগোদনা গ্রহণকারী পোশাক শিল্প কারখানাগুলো বাংলাদেশ সরকারের আরোপিত শর্ত মেনে চলছে কিনা তা দেখা
এবং প্রগোদনা প্যাকেজ ব্যবহারে কারখানাগুলোর সর্বোত্তম অনুশীলন (বেষ্ট থ্রাকটিস) প্রচার করা।

এই কাজটি করার লক্ষ্যে প্রগোদনা প্যাকেজ গ্রহণকারী তৈরি পোশাক শিল্প কারখানার তালিকা আমাদের প্রয়োজন।
আপনার কাছে আমাদের সবিনয় নিবেদন এই যে, আশুলিয়া, গাজীপুর সদর এবং কালিয়াকৈর এলাকার প্রগোদনা
প্যাকেজ গ্রহণকারী পোশাকশিল্প কারখানার তালিকা দেয়ার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও উদ্যোগ গ্রহণ
করবেন।

আমরা আশা করছি, প্রগোদনা প্যাকেজ গ্রহণকারী তৈরি পোশাকশিল্প কারখানার তালিকা দিয়ে আমাদেরকে বাধিত
করবেন।

ধন্যবাদাত্তে,

মাহীন সুলতান
দলনেতা
সজাগ কোয়ালিশন।



নারীপক্ষ